

আয়ুধ

খোকন তোমার ঘুমের ফাঁকেই আকাল এলো।
মায়ের চোখের জোছনা মাখা
ঘুমপাড়ানো গানের কলি,
তোমার যত স্বপ্ন দেখা ছবি —
তোমার মাটি, তোমার বালি
মাঝরাত্রিে নিলাম হলো।

খোকন তোমার ঘুমের সময় পার হয়েছে।
জানলা জোড়া রোদ রয়েছে
এবার চোখের পর্দা মেলো।
ঘুমভাঙ্গা ভোর ডাকছে তোমায়
উঠোন জুড়ে কদম ফেলো।

অরদপ পাল

